গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ
খাদ্য ভবন, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

তারিখ: ৩ ভাদ্র ১৪২৯
১৮ আগস্ট ২০২২

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫০.৩২.০০১.২১.৬২

বিষয়: **খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন কার্যক্রম ৩১/০৮/২০২২ তারিখের মধ্যে সম্পন্নকরণে নির্দেশনা।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বর্তমানে সারাদেশে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজ প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। গত ৩১/০৭/২০২২ তারিখে অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সংশ্লিষ্ট সকল বিষয়ে দিক নির্দেশনামূলক পরামর্শ প্রদান করা হয়েছিল ( সভার কার্যবিবরণী )। কিন্তু উক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরন করা হচ্ছে না মর্মে প্রতীয়মান হয়। এমতাবস্থায়, খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজ প্রনয়ন কার্যক্রম নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করতে নিম্নরূপ নির্দেশনাসমূহ পুনরায় প্রদান করা হলোঃ

(১) আগামী ৩১/০৮/২০২২ তারিখের মধ্যে খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজ প্রণয়নের কার্যক্রম সমাপ্ত করতে হবে;

(২) আগামী ০১/০৯/২০২২ হতে ডাটাবেজের যাচাইকৃত তালিকা অনুযায়ী খাদ্যবান্ধব কর্মসূচিতে খাদ্যশস্য বিলি-বিতরনের প্রস্তুতি গ্রহন করতে হবে; যাচাইকৃত ভোক্তা ছাড়া কেহ খাদ্যশস্য উত্তোলন করতে পারবেন না;

(৩) উপজেলা কমিটি কর্তৃক অনুমোদিত সর্বশেষ খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের তালিকা (এপ্রিল'২০২২) সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক **০৭/০৮/২০২২ তারিখের মধ্যে বেক্সিমকো কম্পিউটারস লিমিটেড কর্তৃক প্রদত্ত ফরম্যাটে খাদ্যবান্ধব কর্মসূচির** ওয়েবসাইটে আপলোড সম্পন্ন করার কথা থাকলেও এখনো কয়েকটি উপজেলা ও অনেকগুলো ইউনিয়নের তালিকা আপলোড সম্পন্ন হয়নি ( তালিক সংযুক্ত - ১) । ১৭/০৮/২০২২ তারিখের মধ্যে শতভাগ আপলোড নিশ্চিত করতে হবে;

(৪) যাচাইকরণের জেলা পর্যায়ের প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, কয়েকটি জেলায় যাচাই কার্যক্রম তিন চতুর্থাংশ সম্পন্ন হয়েছে । অন্যদিকে, বেশ কিছু জেলার যাচাই কার্যক্রমের অগ্রগতি ৩০ শতাংশের নীচে ( তালিকা সংযুক্ত - ২) যা অত্যন্ত দুঃখজনক। এছাড়া, ২১টি উপজেলা ( তালিকা সংযুক্ত - ৩ ) ও ৮৪৩টি ইউনিয়নে এখনো যাচাই কার্যক্রম শুরু করা হয়নি ( তালিকা সংযুক্ত - ৪ )। ২০/০৮/২০২২ তারিখের মধ্যে দেশের সকল উপজেলা ও সকল ইউনিয়নের কার্যক্রম শুরু করতে হবে। ফলে, যে সকল জেলা ও উপজেলা ভোক্তার তথ্য যাচাইকরণে পিছিয়ে আছে সেসকল জেলা ও উপজেলার কার্যক্রম বেগবান করার জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ ও জেলা খাদ্য নিয়ন্ত্রকগণের সার্বিক তদারকি প্রয়োজন। এর পরিপ্রেক্ষিতে প্রত্যেক জেলার নিজস্ব WhatsApp গ্রুপে জেলা খাদ্য নিয়ন্ত্রক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ ও ইউডিসি উদ্যোক্তাগনকে সংযুক্তকরত জেলার কার্যক্রমে উদ্ভূত সমস্যা চিহ্নিত করে সমাধানের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত থাকলেও এখনো বেশ কয়েকটি জেলার গ্রুপ তৈরি হয়নি। ফলে, জরুরিভিত্তিতে প্রত্যেক জেলার গ্রুপ তৈরি করে গ্রুপগুলোতে TOT প্রশিক্ষক ও বেক্সিমকো কম্পিউটারস লিমিটেড এর প্রতিনিধিকে সংযুক্ত করতে হবে;

(৫) ইউডিসি উদ্যোক্তা কর্তৃক যাচাইকরণের সময় নতুন কোনো ভোক্তা ডাটাবেজের তালিকায় অন্তর্ভুক্ত করার কোনো সুযোগ নেই। ছবির গুণগতমান ঠিক না থাকায় পুনরায় ছবি তোলার জন্য ফেরত, NID হতে প্রাপ্ত ছবির সাথে বর্তমান ছবির ব্যক্তি ভিন্ন হওয়ায় ফেরত, ছবি থেকে ছবি তোলার কারণে ফেরত, নিবন্ধিত ব্যক্তি সাম্প্রতিক সময়ে মারা যাওয়ায় বাতিল, আয় সম্পর্কে মিথ্যা তথ্য দেওয়ায় বাতিল, ভিজিডি তালিকায় নিজের/ স্ত্রীর নাম থাকায় বাতিল, উপজেলা কমিটির প্রস্তাবের প্রেক্ষিতে বাতিল, অবিবাহিত ব্যক্তি হিসেবে বাতিল অর্থাৎ ৮টি কারণে ভোক্তাকে অগ্রহণযোগ্য করা যেতে পারে। তবে, কোন ক্যাটাগরিতে ভোক্তাকে

বাদ দেওয়া হলো তা উল্লেখ থাকতে হবে এবং সিস্টেমে তার তথ্যাদি সংরক্ষণ করতে হবে;

(৬) কোন ইউনিয়নে যাচাইকরণের কার্যক্রমে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সহায়তা না পাওয়া গেলে জেলা খাদ্য নিয়ন্ত্রক জেলা প্রশাসকের সহায়তায় উপজেলা প্রশাসনের সাথে সমন্বয়পূর্বক ব্যবস্থা গ্রহণ করবেন; এতে সমাধান না হলো জরুরিভিত্তিতে বিস্তারিত তথ্যসহ খাদ্য অধিদপ্তরে প্রতিবেদন প্রেরণ করতে হবে যা খাদ্য মন্ত্রণালয় ও স্থানীয় সরকার মন্ত্রণালয়কে অবহিত করা হবে।

(৭) পিছিয়ে পড়া ইউডিসি উদ্যোক্তাদের জন্য জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ প্রয়োজনে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে পারেন;

(৮) নির্ধারিত সময়ের মধ্যে ভোক্তার তথ্য যাচাই সম্পন্ন না হলে সেপ্টেম্বর'২০২২ মাস হতে খাদ্যশস্য বিতরণকালে স্থানীয় কোন সমস্যা দেখা দিলে তার দায়ভার সংশ্লিষ্ট জেলা ও বিভাগের কর্মকর্তাদের উপর বর্তাবে;

(৯) সর্বোপরি, খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজ প্রণয়নের কার্যক্রমে কোন কর্মকর্তা/কর্মচারির কোনো গাফিলতি পাওয়া গেলে সংশ্লিষ্টের বিরুদ্ধে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(১০) জেলা ও বিভাগের দৈনন্দিন প্রতিবেদনসমূহ দিনশেষে সংশ্লিষ্ট গ্রুপে শেয়ার করতে হবে। বিভাগের প্রতিবেদনসমূহ RCF- Messenger group এবং FOOD DIR- RCF- WhatsApp গ্রুপে দিনশেষে শেয়ার করতে হবে।

এমতাবস্থায়, ৩১/০৮/২০২২ তারিখের মধ্যে খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজ প্রণয়নের কার্যক্রম সম্পন্ন করতে উপরোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ৩১/০৭/২০২২ তারিখের সভার কার্যবিবরণী।

১৮-৮-২০২২
তপন কুমার দাস
পরিচালক (চলতি দায়িত্ব)
ফোন: +৮৮-০২-৪১০৫০০৯১
ফ্যাক্স: +৮৮-০২-৯৫৮৫০৯০
ইমেইল: dsdm@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,
ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫০.৩২.০০১.২১.৬২/১(৯)

তারিখ: ৩ ভাদ্র ১৪২৯
১৮ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

২) পরিচালক, খাদ্য অধিদপ্তর

৩) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

১৮-৮-২০২২
রিয়াজ মাহমুদ
উপপরিচালক